রামপালে পূর্ব শত্রুতার জের ধরে বসতবাড়িতে ঢুকে গাছপালা কর্তনের অভিযোগ

বাগেরহাট প্রতিনিধি
বাগেরহাটের রামপালে পূর্ব শত্রæতার জের ধরে বসতবাড়িতে ঢুকে গাছপাল কর্তনের অভিযোগ উঠেছে মিশকাত সামদানি নামের এক নৌ- বাহিনীর সদস্যের বিরুদ্ধে। এই বিষয়ে ভুক্তভোগী রামপাল উপজেলার পেড়িখালী গ্রামের খালিদ হাসান থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।

লিখিত অভিযোগে জানাগেছে, পেড়িখালী গ্রামের মোজাহিদ শেখের ছেলে নৌবাহিনীর সদস্য মিশকাত সামদানির সাথে খালিদ হাসানের আগে থেকেই বিরোধ চলে আসছিল। গতকাল তিনি অফিসে ও তার স্ত্রী বাড়িতে না থাকার সুযোগে বাড়িতে প্রবেশ করে তাদের মুল্যবান গাছপালা কর্তন ও ভাংচুর করে। এসময় খালিদ হাসানের মা রিজিয়া বেগম তাকে বাঁধা দিলে সে ক্ষিপ্ত হয়ে ওঠে। পরে স্থানীয়রা এগিয়ে আসলে নানা প্রকার হুমকী দিয়ে সে ঘটনাস্থল ত্যাগ করে।

খালিদ হাসানের স্ত্রী রেশমা খাতুন বলেন, মিশকাত সামদানি সম্পর্কে তাদের ভাগনে হলেও তাকে নানা ভাবে উত্যক্ত করে আসছে। ঘটনার দিন তিনি বাড়িতে ছিলেন না। এসময় সে বাড়িতে প্রবেশ করে গাছপালা কেটে ফেলে, পানির ড্রাম, সীমানা পিলার ও বাথরুম ভাংচুর করে এবং জানালা দিয়ে ঘরে আগুন ধরিয়ে দেয়। আগুনে জানালার কাছে থাকা মশারির কিছু অংশ পুড়ে নিভে যায়।

খালিদ হাসান জানান, মিশকাত সামদানি নৌবাহিনীতে চাকুরী করায় সেই ভয় দেখিয়ে দীর্ঘদিন থেকে তাকে এই বাড়ি থেকে অন্যত্র চলে যেতে বলছে। সর্বশেষ তার বাড়িতে ঢুকে নানা রকম ক্ষতি করেছে।
এবিষয়ে অভিযুক্ত মিশকাত সামদানি বলেন, তিনি খালিদ হাসানের কাছে টাকা পাবেন। পাওনা টাকা না দেয়ায় তিনি রাগের মাথায় কিছু গাছপালা কেটেছেন।

অভিযোগের তদন্তকারী কর্মকর্তা রামপাল থানার এসআই ইসমাইল হোসেন জানান, অভিযোগের পর ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। বিষয়টি নিয়ে

উভয় পক্ষের সাথে কথা বলা হয়েছে। তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।